অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/20/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ওয়েস্টচেস্টার কাউন্টিতে ইন্টারস্টেট 287 সংলগ্ন 32.4 মিলিয়ন মার্কিন ডলারের রাস্তা পুনঃস্থাপন প্রকল্পের কাজ শুরুর ঘোষণা করলেন

নতুন পেভমেন্ট, স্ট্রাইপিং এবং জয়েন্ট মেরামত মুখ্য যাতায়াত ধমনীতে স্থিতিস্থাপকতা বৃদ্ধি করবে এবং ভ্রমণ সহজ করবে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে ওয়েস্টচেস্টার কাউন্টিতে ইন্টারস্টেট 287 (Interstate 287, I-287) এর একটি 5.5 মাইলের বিস্তৃতিকে রিসার্ফেস ও পুনঃস্থাপন করার জন্য একটি 32.4 মিলিয়ন মার্কিন ডলারের প্রকল্পের কাজ শুরু হয়েছে, যা হাডসন ভ্যালির ব্যস্ততম যাতায়াত ধমনীর একটি সংলগ্নে স্থিতিস্থাপকতা ও যাত্রার যোগ্যতা উন্নত করবে। প্রকল্পটি হ্যারিসন টাউনের ওয়েস্টচেস্টার অ্যাভিনিউ এবং রাই সিটিতে মার্কিন যুক্তরাষ্ট্রের রুট 1 এর মধ্যকার হাইওয়ে, যা ক্রস ওয়েস্টচেস্টার এক্সপ্রেসওয়ে (Cross Westchester Expressway) নামেও পরিচিত, এর অংশ সংলগ্নে রাস্তার জয়েন্ট মেরামত করবে, নতুন পেভমেন্ট যোগ করবে এবং রাস্তার স্ট্রাইপিং উন্নত করবে। অতি গুরুত্বপূর্ণ এই হাইওয়ে, যা গভর্নর মারিও এম কুওমো ব্রিজ (Gov. Mario M. Cuomo Bridge) এবং কাইনেটিকাট স্টেটের মধ্যে যাতায়াতকারী মোটরচালকদের জন্য একটি অত্যাবশ্যকীয় সংযোগ, এর সংলগ্নে ট্র্যাফিকের প্রভাব সর্বনিম্ন করতে সকল কাজ রাতের বেলা করা হবে।

"রাস্তা এবং ব্রিজে বিনিয়োগ করা হলো আমাদের স্টেটের স্বাস্থ্য ও অর্থনৈতিক সুস্থতায় বিনিয়োগ করা," **গভর্নর হোকল বলেন।** "ক্রস ওয়েস্টচেস্টার এক্সপ্রেসওয়ে সংলগ্ন রিসার্ফেসিং প্রকল্পটি প্রতিদিন এই হাইওয়ে ব্যবহার করা হাজার হাজার যাত্রীর জন্য আরো মসৃণ যাত্রা প্রদান করবে এবং পণ্য ও বাণিজ্য প্রবাহের জন্য আমাদের সবথেকে গুরুত্বপূর্ণ ধমনীগুলির একটিতে সহনশীলতা ও স্থিতিস্থাপকতা উন্নত করবে।"

হাইওয়ের রাস্তার জয়েন্ট মেরামতের মাধ্যমে প্রকল্পের কাজ এই গ্রীষ্মকালে শুরু হচ্ছে। 2025 সালে আবহাওয়া অনুকূলে আসামাত্র হাইওয়ে এবং প্রকল্পের আওতার অধীনে সকল এক্সিট ও প্রবেশ র্যাম্প সংলগ্নে বিদ্যমান পেভমেন্টের মিলিং দ্বারা রাস্তার রিসার্ফেসের কাজ শুরু হবে । এরপর রাস্তার উপর ফাইবার রিইনফোর্সড উষ্ণ মিশ্রণের অ্যাসফল্টের আস্তরণ দেওয়া হবে। এই রিইনফোর্সড অ্যাসফল্টের আস্তরণ বিদ্যমান পেভমেন্টের তুলনায় আরো দীর্ঘস্থায়ী হবে এবং আরো টেকসই হবে, যা ফাটল সর্বনিম্ন করবে এবং পেভমেন্টের সেবার আয়ুষ্কাল বৃদ্ধি করবে। এছাড়াও ঝড়ের পানির প্রবাহ আরো ভালোভাবে সামাল দেদার জন্য ড্রেনেজ ব্যবস্থা মেরামত

করা হবে এবং ঝড়ের সময় পেভমেন্টের চিহ্নের দৃশ্যমানতা বৃদ্ধি করতে প্রতিফলক ইপক্সি রং দ্বারা গ্রুভড ইনলেইড স্ট্রাইপিং যোগ করা হবে, যা নিরাপত্তা আরো উন্নত করবে। ট্র্যাফিক সিগন্যাল এবং নিকটবর্তী এক্সিট ও প্রবেশের কার্ব র্যাম্পকেও উন্নত করা হবে । 2025 সালের ফল মৌসুমে নির্মাণকাজ শেষ হবে বলে আশা করা যাচ্ছে।

পরিবহন বিভাগের (Department of Transportation, DOT) কমিশনার ম্যারি টেরেস ডমিঙ্গেজ বলেন, "গভর্নর ক্যাথি হোকলের নেতৃত্বাধীনে নিউ ইয়র্ক স্টেট অবকাঠামোতে ঐতিহাসিক বিনিয়োগ করা অব্যাহত রেখেছে যা আমাদের সম্প্রদায়সমূহকে সংযুক্ত রাখবে এবং আমাদের অর্থনীতিকে বিকাশমান রাখবে। ইন্টারস্টেট 287 উন্নত করার এই প্রকল্পের সূচনার ফলে ওয়েস্টচেস্টার কাউন্টির যাত্রীরা তাদের দৈনিক যাত্রার সময় আরো মসৃণ যাত্রা এবং আরো নিরাপদ রাস্তার পাওয়ার আশা করতে পারে, এইসব জীবনযাত্রার মান উন্নত করার ক্ষেত্রে এবং হাডসন ভ্যালিকে কাজ ও বেড়ানোর জন্য আরো উন্নত স্থান করতে সাহায্য করে।"

সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা চার্লস শুমার বলেন, "প্রতিদিন হাজার হাজার মানুষ স্কুল, চাকরি, ডাক্তারের অ্যাপয়েন্টমেন্ট, ইত্যাদি স্থানে যেতে ক্রস ওয়েস্টচেস্টার এক্সপ্রেসওয়ে ব্যবহার করে, কিন্তু আগামী বহু বছর ধরে ওয়েস্টচেস্টারে সেবাদান অব্যাহত রাখার জন্য হাইওয়ের মেরামত প্রয়োজন। এখন, নির্মাণকাজ শুরু হয়েছে যাতে করে আমরা এই অতি গুরুত্বপূর্ণ হাইওয়েটি সুরক্ষিত রাখতে এবং আমাদের সম্প্রদায়কে আরো নিরাপদ ও আরো স্থিতিস্থাপক ভবিষ্যতের দিকে নিয়ে যেতে পারি। রাস্তার জয়েন্ট মেরামত, নতুন পেভমেন্ট স্থাপন, এবং রাস্তার স্ট্রাইপিং উন্নত করার মাধ্যমে আমরা আরো স্থিতিস্থাপক ওয়েস্টচেস্টারের ভিত্তি গঠন করছি এবং একই সাথে ভালো বেতনের চাকরি তৈরি করছি। নিউ ইয়র্কের অবকাঠামোতে বিনিয়োগের জন্য আমি দীর্ঘদিন ধরে লড়াই করেছি এবং হাডসন ভ্যালির নিরাপত্তা ও স্থিতিস্থাপকতা নিশ্চিত করতে গভর্নর হোকলের কাজের জন্য আমি কৃতজ্ঞ।"

স্টেটের সিনেটর শেলি মায়ার বলেন, "ওয়েস্টচেস্টারে I-287 এর একটি গুরুত্বপূর্ণ অংশ সংলগ্নে নির্মাণকাজ শুরু হয়েছে বলে আমি আনন্দিত। রাস্তার অনিরাপদ অবস্থার ব্যাপারে এবং খানাখন্দ এড়ানোর জন্য আঁকাবাঁকা না চালিয়ে ভ্রমণ কতটা কঠিন সেই কথা আমি বিগত বছরগুলিতে অগণিত মোটরচালকদের কাছ থেকে শুনেছি। অঞ্চলের ব্যস্ততম রাস্তাগুলির একটি হিসেবে, কাজে যেতে ও পরিবারের সাথে দেখা করার জন্য যার উপর বহু মানুষ নির্ভর করে, এটিকে অবশ্যই নিরাপদ ও নির্ভরযোগ্য হতে হবে। এই মুখ্য উন্নয়ন চালকদের ব্যাপকভাবে সাহায্য করবে, এবং আমাদের কাউন্টির রাস্তা উন্নত করার জন্য গভর্নর হোকল ও DOT এর মনোযোগের জন্য আমি তাদের ধন্যবাদ জানাচ্ছি।"

অ্যাসেম্বলি সদস্য স্টিভেন ওটিস বলেন, "I-287 এর এটি একটি গুরুত্বপূর্ণ অংশ যেখানে ক্রস ওয়েস্টচেস্টার এক্সপ্রেসওয়ে I-95 এর সাথে মিলিত হয়। রাস্তার পুনঃস্থাপন এবং ঝড়ের সময় লেনের বর্ধিত দৃশ্যমানতার উদ্দেশ্য ট্র্যাফিক প্রবাহ বজায় রাখা এবং বিলম্ব এড়ানো। পাশাপাশি, NYS DOT এমন প্রকল্পের নকশা করে থাকে যা নির্মাণকাজের সময় ট্র্যাফিককে সচল রাখে এবং প্রত্যেক অংশের কাজ যত দ্রুত সম্ভব শেষ করা হয়। রাস্তার অবকাঠামোর প্রকল্পসমূহ আমাদের রাস্তা ও ব্রিজ ব্যবস্থা রক্ষণাবেক্ষণের জন্য অত্যাবশ্যকীয়। পরিবহন

অবকাঠামোতে তাদের চলমান প্রতিশ্রুতি এবং এই প্রকল্পে আমাদের সম্প্রদায়ের সাথে কাজ করার জন্য NYS DOT এবং গভর্নর হোকলের ধন্যবাদ প্রাপ্য।"

অ্যাসেম্বলি সদস্য ক্রিস বার্ডিক বলেন, "ইন্টারস্টেট 287 এ বিনিয়োগ করার জন্য গভর্নর হোকল এবং পরিবহন বিভাগের প্রতি আমরা অত্যন্ত কৃতজ্ঞ। আমাদের সম্প্রদায়সমূহের জন্য আমাদের অবকাঠামো অতি গুরুত্বপূর্ণ এবং এই প্রকল্পটি অতি প্রয়োজনীয়। আগামী বছরগুলিতে ওয়েস্টচেস্টার কাউন্টিতে এমন আরো অনেক প্রকল্প দেখার আশা করছি কারণ সাবার্বে আমাদের বাসিন্দা ও ব্যবসাসমূহ আমাদের ইন্টারস্টেট ও স্থানীয় রাস্তার উপর ব্যাপকভাবে নির্ভর করে।"

ওয়েস্টচেস্টার কাউন্টি নির্বাহী জর্জ ল্যাটিমার বলেন, "ওয়েস্টচেস্টার কাউন্টির একটি মুখ্য থরোফেয়ার, ইন্টারস্টেট 287 এর 5.5 মাইল বিস্তৃতির জন্য গভর্নর ক্যাথি হোকলের নেতৃত্ব ও ভিশনের জন্য আমি তাকে ধন্যবাদ জানাতে চাই। এই 32.4 মিলিয়ন মার্কিন ডলারের রাস্তা পুনঃস্থাপন আরো টেকসই পেভমেন্ট এবং উন্নত ড্রেনেজ ব্যবস্থা প্রদান করবে যা আবহাওয়া সংক্রান্ত ঝড় আরো ভালোভাবে সামাল দিতে পারবে এবং পরিশেষে সুদূর ভবিষ্যতে ইন্টারস্টেটের আয়ু বৃদ্ধি করবে। 2025 সালের ফল মৌসুমে প্রকল্পের কাজ শেষ হলে ওয়েস্টচেস্টারের বাসিন্দা ও পর্যটক সকলেই এর দ্বারা ব্যাপকভাবে লাভবান হবে।"

পরিবহন বিভাগ সম্পর্কে

নিউ ইয়র্ক স্টেটের পরিবহন দপ্তরের লক্ষ্য হলো এমন একটি নিরাপদ, নির্ভরযোগ্য, ন্যায্য এবং প্রাণবন্ত পরিবহন ব্যবস্থা প্রদান করা যা সম্প্রদায়সমূহকে সংযুক্ত করে, জীবনযাত্রার মান উন্নত করে, পরিবেশের সুরক্ষা করে, এবং নিউ ইয়র্ক স্টেটের অর্থনৈতিক কল্যাণকে সমর্থন করে।

এটি জীবনের নিরাপত্তার ব্যাপার; গতি ধীর করুন এবং হাইওয়ে কর্মীদের জন্য সরে যান।

আরও তথ্যের জন্য, আমাদেরকে ফেসবুক (Facebook)-এ খুঁজুন, এক্স (X) বা ইনস্টাগ্রাম (Instagram)–এ ফলো করুন, অথবা আমাদের ওয়েবসাইটে ভিজিট করুন। সর্বশেষ যাতায়াতের তথ্যের জন্য 511 এ ফোন করুন, www.511NY.org ভিজিট করুন বা বিনামূল্যে 511NY মোবাইল অ্যাপ ডাউনলোড করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন